



বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)  
কৃষি ভবন  
৪৯-৫১ দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০  
জনসংযোগ বিভাগ  
[www.badc.gov.bd](http://www.badc.gov.bd)

বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) কর্তৃক 'জুলাই-ডিসেম্বর ২০২৫ মেয়াদে তারুণ্যের উৎসব' পালন কর্মসূচি ওয়েবসাইটে আপলোড ও শেয়ার সংক্রান্ত কমিটির দ্বিতীয় সভার কার্যবিবরণী

সভাপতি: সদস্য পরিচালক (অর্থ), বিএডিসি, ঢাকা।

সভার তারিখ ও সময়: ২০ অক্টোবর ২০২৫ (সোমবার), বিকাল ৩:০০ ঘটিকা।

স্থান: সদস্য পরিচালক (অর্থ), বিএডিসি মহোদয়ের কক্ষ, কৃষি ভবন, বিএডিসি, ঢাকা।

উপস্থিতি: কমিটির সদস্যবৃন্দ

কার্যবিবরণী:

সভার প্রারম্ভে সভাপতি জুলাই-আগস্ট গণ অভ্যুত্থানে শহিদগণের জন্য প্রার্থনা এবং আহতদের দ্রুত আরোগ্য কামনা করে উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানান। পরে ওয়েবসাইটে আপলোড ও শেয়ার সংক্রান্ত কমিটির কাজের অগ্রগতি সম্পর্কে আলোচনা করা হয়। আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়—

১। 'জুলাই-ডিসেম্বর ২০২৫ মেয়াদে তারুণ্যের উৎসব' উপলক্ষ্যে বিএডিসি'র সকল আয়োজন অফিসিয়াল ফেসবুক পেজ ([www.facebook.com/BangladeshAgriculturalDevelopmentCorporation/](http://www.facebook.com/BangladeshAgriculturalDevelopmentCorporation/)) ও ইউটিউব চ্যানেলে (ওয়েবলিংক: <https://www.youtube.com/@prdbadc>) প্রচার করার কার্যক্রম চলমান রাখা হবে।

৩। রাষ্ট্রীয় কর্মসূচি হিসেবে অগ্রাধিকারের ভিত্তিতে 'জুলাই-ডিসেম্বর ২০২৫ মেয়াদে তারুণ্যের উৎসব' পালনে বিএডিসি'র কার্যক্রমের প্রামাণ্য ছবি, অডিও, ভিডিও ইত্যাদি সংস্থার সদর দপ্তরে (জনসংযোগ বিভাগে) প্রেরণ ও সংবাদমাধ্যমে প্রকাশ করতে সংশ্লিষ্ট দপ্তরপ্রধানদের সক্রিয় হতে হবে।

৪। বিএডিসি কর্তৃক 'জুলাই পুনর্জাগরণ অনুষ্ঠানমালা-২০২৫' যথাযোগ্য মর্যাদায় উদযাপন ও 'জুলাই-ডিসেম্বর ২০২৫ মেয়াদে তারুণ্যের উৎসব' পালন কর্মসূচির জন্য গঠিত কমিটির আহ্বায়কবৃন্দকে পত্র দিয়ে কার্যক্রমের অগ্রগতি বিষয়ে জানতে চাওয়া হবে।

৫। উদ্যোক্তা তৈরিসহ 'তারুণ্যের উৎসব ২০২৫' বাস্তবায়ন করতে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণকে কাজের অগ্রগতির সচিত্র প্রামাণ্য প্রচার করতে পত্র প্রেরণ করা হবে।

চলমান পাতা

১

সভায় আর কোনো আলোচ্য না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত করেন।

*Handwritten signature and date: 21/10/2024*

(সৌরেন্দ্র নাথ সাহা)  
সদস্য পরিচালক (অর্থ),  
বিএডিসি ও আহ্বায়ক, জুলাই  
পুনর্জাগরণ অনুষ্ঠানমালা  
আপলোড ও শেয়ার সংক্রান্ত  
কমিটি  
বিএডিসি, ঢাকা  
টেলিফোন: ২২৩৩৮৪৩৭৭

স্মারক নং- ১২.০৬.০০০০.২০৭.০৬.০০৭.২৫.৬৬২

তারিখ: ০৫ কার্তিক ১৪৩২  
২১ অক্টোবর ২০২৫

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. জনাব মোঃ আমিনুল ইসলাম, সচিব, বিএডিসি ও সদস্য, সংশ্লিষ্ট কমিটি, বিএডিসি, ঢাকা।
০২. জনাব মোঃ জুলফিকার আলী, যুগ্মপরিচালক, সংস্থাপন বিভাগ ও সদস্য, সংশ্লিষ্ট কমিটি, বিএডিসি, ঢাকা।
০৩. জনাব মোহাম্মদ সরোয়ার মাওলা, উপপ্রধান প্রকৌশলী, মিশু বিভাগ ও সদস্য, সংশ্লিষ্ট কমিটি, বিএডিসি, ঢাকা।
০৪. জনাব মীর এনামুল হক, উপব্যবস্থাপক (কর্মসূচি), মহাব্যবস্থাপক (বীজ) এর দপ্তর ও সদস্য, সংশ্লিষ্ট কমিটি, বিএডিসি, ঢাকা।
০৫. জনাব মোঃ জান্নাতুল মিয়া, উপপ্রধান (প্রোগ্রামার), আইসিটি সেল, মনিটরিং বিভাগ ও সদস্য, সংশ্লিষ্ট কমিটি, বিএডিসি, ঢাকা।
০৬. জনাব মঈনুল ইসলাম, সম্পাদক, জনসংযোগ বিভাগ, ও সদস্য সচিব, সংশ্লিষ্ট কমিটি, বিএডিসি, ঢাকা।
০৭. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব (অবগতির জন্য), বিএডিসি, ঢাকা।
০৮. অফিস কপি।